আজকের কাগজ

18 AUG 1992
তারিখ ... ... ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৫ ...

140

# রাজশাহী বিশ্ববিদ্যালয় ছাত্রদল ও ছাত্রমৈত্রী সংঘর্ষে ৫ জন আহত

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ৪টি আবাসিক হলে গত শুক্রবার রাতে জাতীয়তাবাদী ছাত্রদল ও ছাত্রমৈত্রীর মধ্যে এক সংঘর্ষে ৫ জন ছাত্র আহত হয়েছে। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, সোহরাওয়ার্দী হলে একটি সিটের দখল নিয়ে শুক্রবার রাত সাড়ে ১১টায় দু'দলের মধ্যে সংঘর্ষ শুরু হয়। সংঘর্ষে দু'পক্ষ ৫০ রাউন্ড গুলি করে এবং ককটেলের বিস্ফোরণ ঘটায়। সংঘর্ষে সোহরাওয়ার্দী হলে ইংরেজী বিভাগের ২য় বর্ষের ছাত্র আবুবকর সিদ্দিকী গুলিবিদ্ধ হয় এবং একই হলে ভূগোল বিভাগের শেষ বর্ষের ছাত্র রাজু ছুরিকাহত হয়। তাদেরকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। গুলিবিদ্ধ ছাত্র আবুবকরের অবস্থা আশংকাজনক। এর আগে রাত ১১টায় ছাত্রমৈত্রীর কর্মীরা ছাত্রদলের এক কর্মীর বিছানাপত্র কক্ষ থেকে ছুঁড়ে ফেলে দিলে দু'দলের কর্মীরা একে অপরকে ধাওয়া পাল্টা ধাওয়া করে। সংঘর্ষের পর মাদারবক্স হল, হাবিবুর রহমান হল ও মনুজান হলে দু'দলের উত্তেজিত কর্মীদের মধ্যে সংঘর্ষ হয়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ক্যাম্পাসে রাজনৈতিক কার্যকলাপ আরো ১৫ দিনের জন্যে নিষিদ্ধ করেছেন। সংঘর্ষের পর ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছে। খবর ইউএনবি।